গগনে উদিল রবি

গীতি-নাট্য

স্বপন নন্দী

কি
১৮

কি
১৪

গগনে উদিল রবি

[মেয়েদের নৃত্য-গীতিমুখর নাটিকা]

(স্বরলিপি সংযুক্ত)

7303

SENIOR BASIC TRAINING COLLEGE
BANIPUR

Library
Calcutta
24/3, B. C. Road

স্বপনবুড়ো

প্রকাশক

সত্যব্রত লাইব্রেরী

১৯৭নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা

দাম—॥৵০

প্রকাশক
শ্রীতারক নাথ গুহ
১৯৭নং কর্ণওয়ালিস ষ্ট্রীট
কলিকাতা

S.C.E.R.T. W.B. LIBRARY
Date 15.6.05
Acc. No. 113993

—স্বপনবুড়োর লেখা কয়েকখানি বই—

বিষ্ণুশর্ম্মা—	(নাটিকা)—	১৸০
বাপ্পাদিত্য—	(নাটিকা)—	॥০
মহাপূজা—	(নাটিকা)—	॥০
প্রতিশোধ—	(নাটিকা)—	১৲
প্রথম পুরস্কার—	(নাটিকা)—	॥০
বেপরোয়া—	(যন্ত্রস্থ)—	
পদ্ম থেকে পঙ্ক জাগে—		”
এশিয়ার নৃত্য-ছন্দ		”
বন পলাশীর ক্ষুদে ডাকাতি		”

S.C.E.R.T. W.B. LIBRARY
Date
Acc. No.

প্রিণ্টার—
শ্রীক্ষীরোদ চন্দ্র ঘোষ
শ্রীলক্ষ্মী প্রেস,
৮১ সিমলা ষ্ট্রীট, কলিকাতা

S.C.E.R.T. W.B. LIBRARY
Date
Acc. No.

কথাশিল্পী

শ্রীযুক্ত মনোজ বসু

বন্ধুবরেষু

প্রীতিমুগ্ধ

স্বপনবুড়ো

২৫শে বৈশাখ

১৩৫৭

7303

দু'টি কথা

কবির মৃত্যু নেই।

দেশের ছোট ছেলেমেয়ের দল যাতে ২৫শে বৈশাখ ও ২২শে শ্রাবন গীতিনাটিকার ভেতর দিয়ে আমাদের বিশ্বকবিকে স্মরণ করতে পারে সেই উদ্দেশ্য নিয়েই "গগনে উদিল রবি" রচিত হয়েছে।

রবীন্দ্রনাথ সম্পর্কে বহু আলোচনা হয়েছে, ভবিষ্যতে আরও হবে। তবে নাটিকার ভেতর দিয়ে তাঁর আবির্ভাবের কথা বল্লে ছোটদের মনে ধরে বেশী এই আমার ধারণা। যারা অভিনয় করে এবং যারা অভিনয় উপভোগ করে এই উভয় শ্রেণীর মনেই একটা স্মৃতি থেকে যায়। যেমন নাকি গান থেমে গেলেও সুরের একটা রেশ শ্রোতার মনে ঝঙ্কৃত হতে থাকে।

নাটিকাটি রচনার ব্যাপারে স্নেহাস্পদ সুরশিল্পী শ্রীমান সুদীপ্ত ভট্টাচার্য্যের কাছ থেকে প্রচুর প্রেরণা ও তাগিদ পেয়েছি এবং প্রকাশক অতি অল্প সময়ের মধ্যেই পুস্তকটিকে ছাপিয়ে প্রকাশ করেছেন। এজন্য উভয়কেই আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এই রূপক নাটিকাটি যাতে ছোটরা মনোমত করে অভিনয় করতে পারে সেইজন্য সঙ্গে স্বরলিপি প্রদত্ত হল।

প্রচ্ছদপটের চিত্র পরিকল্পনা করেছেন শিল্পী সূর্য্য রায় এবং টাইপ লিখেছেন শিল্পী ধীরেন বল। ইতি —

২৫শে বৈশাখ
১৩৫৭
কলিকাতা

বিনীত
স্বপনবুড়ো
ছোটদের পাত্‌তাড়ি, যুগান্তর

প্রথম অভিনয় রজনীর শিল্পীবৃন্দ

অন্ধকার—দীপ্তিপ্রসন্ন চট্টোপাধ্যায়। ভোরের পাখী—দেবতোষ চক্রবর্তী। মলয়া—মীরা চট্টোপাধ্যায়। উষা—শ্যামলী সেন। কোকিল—অনুকণা দত্ত। গ্রীষ্ম—নমিতা মুখোপাধ্যায়। বর্ষা—রমা বোষাল। শরৎ—অঞ্জলী সেন। হেমন্ত—রমা মুখোপাধ্যায়। শীত—লীলা মুখোপাধ্যায়। বসন্ত—সবিতা মুখোপাধ্যায়। পাহাড়—সুবীর চট্টোপাধ্যায়। নদী—অপরাজিতা চট্টোপাধ্যায়। সাগর—ছবি ঘোষ। ২৫শে বৈশাখ—সঞ্জয় রায়।

গানগুলিতে সুর দিয়েছেন—সুদীপ্ত ভট্টাচার্য্য

স্বরলিপি কোরেছেন শ্রীমতী অরুণা, রাধারমণ,

সুজিৎ ভট্টাচার্য্য

সঙ্গীতাংশে

পার্ব্বতী অধিকারী, গৌরী মুখোপাধ্যায়,

শোভা রায়চৌধুরী

নৃত্য পরিচালনা সমর চট্টোপাধ্যায়

প্রধান কর্ম্মসচিব—প্রফুল্ল দেব নাথ

সঙ্গীত ও পরিচালনা—সুদীপ্ত ভট্টাচার্য্য

স্থান :—মাতৃমন্দির

২২নং বিপিন পাল রোড্

৩১শে বৈশাখ, ১৩৫৭

প্রথম অভিনয়।

❋ গগনে উদিল রবি ❋

[শেষ রাত। তখনো অন্ধকারের ঘোর কাটেনি। দূরে পাহাড় নদী খুব আবছা ভাবে দেখা যাচ্ছে। ভোরের পাখীর ডাক শোনা গেল]

ভোরের পাখীর নৃত্য-গীত

আমি ভাই ভোরের পাখী
আসবে যে এক নতুন কবি তার তরে ভাই রাত্রি জাগি।
শিরে যে তার বিজয় মুকুট
জয়ের মালা গলে—
হাতে তাহার বাণীর বীণা
বাজছে পলে পলে !
রাত জাগি ভাই, গান গেয়ে যাই শুধুই তারি লাগি !
আস্‌বে কবি তাই মেদিনী নীরবে সয় ব্যথা…
হৃদয়ে তার অসীম আশা, চোক্ষে ব্যাকুলতা !
সেই শোনাবে নতুন গীতি
সেই জাগাবে নতুন প্রীতি
তারি তরে গান গেয়ে ভাই ঈশের আশীস্ মাগি।

[কালো পোষাক পরা অন্ধকারের প্রবেশ]

অন্ধকার—কে তুমি বে-আক্কেল বেরসিক ব্যক্তি! সকাল বেলা ষাঁড়ের মতো চেঁচিয়ে আমার আরামের ঘুমটা মাটি করে দিলে! যাও—যাও এখান থেকে সরে পড়ো—

ভোরের পাখী—তুমি এমন মারমুখো হয়ে তেড়ে এলে কেন ভাই? কি তোমার নাম?

অন্ধকার—[ব্যঙ্গ করে] কি আমার নাম! এই বনে বাস করছ, আর আমাকে চেনো না? আমার পোষাকটা দেখ্‌ছ?

ভোরের পাখী – দেখ্‌ছি বৈ কি!

অন্ধকার—কি এর রং?

ভোরের পাখী—ঘোর কালো—

অন্ধকার—ঘোর কালোকে কি বলে?

ভোরের পাখী—ঘোর কালো মানেই একেবারে অন্ধকার।

অন্ধকার—ঠিক ধরেছ। আমি অন্ধকারই বটে। অন্ধকারে এতটুকু আলো ঢুকতে পারে না। তাই আমি এই বনের মধ্যে বাসা বেঁধেছি—গান, সুর আমার কানে যেন সীসে গলিয়ে ঢেলে দেয়। আলো আমি আদৌ সইতে পারি না। তা তুমি এখানে এসে অন্ধকারকে নাড়া দিয়ে চ্যাঁচামেচি সুরু করেছ কেন?

ভোরের পাখী—ও তুমি এখনো শোন নি?

অন্ধকার—কি আবার শুন্‌বো—শুনি? আচ্ছা ঝামেলায় পড়া গেল দেখ্‌ছি!

ভোরের পাখী—এই বনে যে আজ নতুন রবির উদয় হবে। তার আলোতে সারা বন আলোকিত হয়ে উঠ্‌বে—

অন্ধকার—[বিষম চটে গিয়ে] কি বল্লে? কী বল্লে! কী বল্লে!! নতুন কবির উদয় হবে? বনের মধ্যে আলো জ্বলে উঠ্‌বে? আচ্ছা, সকাল হবার আগেই তুমি এমন অলক্ষুণে কথা শোনাচ্ছ কেন? তুমি কি জান না যে এ বনে চিরকাল অন্ধকার থাকে? এটা আমার রাজ্যি। এখানে কেউ আলো জ্বাল্‌তে পারবে না।

ভোরের পাখী—এতকাল সেই কথা শুনেই ত' ঝিমিয়ে ছিলাম। এইবার কে যেন কানে কানে বলে গেল যে, নতুন কবি আস্‌বে, বনে আলো জ্বল্‌বে, সবাই জাগ্‌বে।

অন্ধকার—[ঠাট্টা করে] কে যেন কানে কানে বলে গেল! বটে! কোন্ বে-আক্কেল তোমার কানে কানে বল্লে শুনি?

[নীল রঙের হাল্‌কা ওড়না পরে মলয়ার প্রবেশ]

মলয়া—আমি বলেছি গো···আমি। সকলের কানে কানে শুভ বারতা শোনানোই যে আমার কাজ।

অন্ধকার—বটে! শুভ বারতা! তা কি শুভ বারতাটি তুমি বয়ে নিয়ে এসেছ শুনি? তোমার পরিচয়ই বা কি?

মলয়া—আমার পরিচয়? অন্ধকারে যারা মুখ গোম্‌রা করে বসে থাকে তারা আমার পরিচয় কি করে পাবে?

অন্ধকার—আহা! অত গুমোরই বা কেন? এ বনে তুমি ঢুক্‌লে কি করে? লক্ষী মেয়ের মতো পরিচয়টা আগে দিয়ে ফেল ত!

মলয়া—আমার নাম হচ্ছে মলয়া। ফুর্-ফুর্ করে আমি বয়ে চলি। দেশ দেশান্তরে আমার অবাধ গতি। এই বন এতদিন অন্ধকারে মুখ লুকিয়েছিল···তাইত আমি আমার নীল ওড়না উড়িয়ে এলাম শুভ বারতা দিতে।

অন্ধকার—কিন্তু তুমি কি জানো যে, এই বনের মালিক আমি? এখানে অন্ধকারের রাজ্যি! তোমাদের ফুর্-ফুরে হাওয়া আর প্যান্-পেনে গান এ বনে চল্‌বে না, আমি যতদিন আছি; এই তোমাদের সোজা কথা বলে দিচ্ছি—

ভোরের পাখী—তুমি ত' সোজা কথা বলে দিলে। কিন্তু আমার গলা থেকে যে আপনা আপনিই গান বেরুচ্ছে! তুমি বলছ সোজা কথা, আমিও বলছি সোজা কথা; মাঝখান থেকে কথা যে দুটো হয়ে যাচ্ছে—

অন্ধকার—উহুঁ! এই অন্ধকার রাজ্যে কথা শুধু একটি থাক্‌বে। আর সেটি হচ্ছে আমার মুখের কথা—এই অন্ধকারের আদেশ, বুঝলে?

মলয়া—কিন্তু আমি যে চিঠি নিয়ে এসেছি···সে চিঠি বিলি করবো কার কাছে?

অন্ধকার—[আঁৎকে উঠে] চিঠি! চিঠি আবার কিসের? তুমি ত' মেয়ে বাপু সুবিধের নও। প্রথমে বল্লে শুভ বারতা! এখন বল্‌ছ চিঠি! প্রতি মুহূর্ত্তে কথা পাল-টানোই বুঝি তোমার কাজ? আমার বাপু এক কথা—অন্ধকার! চুপ্‌চাপ নিঝ্‌ঝুম! আর কিচ্ছু না!

মলয়া—কিন্তু দেশ-বিদেশে, বনে-বনান্তরে সবুজের লিখণ

বয়ে নিয়ে যাওয়াই যে আমার কাজ। আজ আমি এসেছি এই অন্ধকার বনে চিঠি বিলি করতে। সে লিখন আমি কার হাতে দিয়ে যাবো ?

অন্ধকার—না বাপু! চিঠি নেবার লোক এ রাজ্যে কেউ নেই। কেউ এখানে পড়তে পারে না। চোখ বুঁজে ঘুমুতে সবাই জানে। দেখ বাপু মলয়া, এ বন থেকে তুমি অন্য দেশে চলে যাও। এখানে তোমার চিঠি কোন কালেই বিলি হবে না—

মলয়া—তবে কি আমি ফিরে যাবো ?

[ঝলমলে রঙীণ লাল পোষাক পরে উষার প্রবেশ]

উষা—না বোন, তুমি ফিরে যাবে কেন ? তোমায় সাহায্য করতেই যে আমি এলাম।

অন্ধকার—[মুখ ভেংচে] ও! তুমি এলে! তা তোমায় কে নেমন্তন্ন করে ডেকে এনেছে শুনি ? ঝল্‌মলে লাল টক্‌টকে পোষাক···বিদ্যুতের গায়ের রঙ্‌···কপালে সোনালি টিপ ···আমার চোখ ধাঁধিয়ে দিতে কে তুমি এলে শুনি ?

উষা—এতদিন এ বনে ঢোক্‌বার পথ আমি খুঁজে পেতাম না—

অন্ধকার—আজও না হয় না-ই খুঁজে পেতে সে পথ। তোমায় পথ দেখালে কে শুনি ?

উষা—আমি উষা। তাই রবির আগমনবার্ত্তা ঠিক সময় মতো আমি পেয়ে গেছি। গগনের কিনারে কিনারে আমারই ত' আবির ছাড়িয়ে দেবার কথা।

অন্ধকার—ও! তুমি আবির ছড়িয়ে দেবে? আমি কিন্তু সোজা লোক নই রাঙা উষার মেয়ে। আমি যখন রাগবো—আল্‌কাতরা দিয়ে সব ঢেকে দেবো; তখন দেখে নিও তুমি। তাই বল্‌ছি আমায় চটিও না।

উষা—কালোকে—অন্ধকারকে দূর করে দেয়াইত' আমার কাজ!

অন্ধকার—আরে! কে রে পুঁচ্‌কে মেয়েটা! এটা আমার রাজ্যি, আর আমাকেই কিনা দূর করে তাড়িয়ে দিতে চায়! না এই উষা মেয়েটাকে আগে তাড়াতে হল দেখ্‌ছি। এরা বস্‌তে পারলে শুতে চায়।

উষা—আমায় তাড়াবে? আমি রাঙা করে দেবো তোমার এই বন—

উষার নৃত্য-গীত

আমি রাঙা উষা জাগি পূব গগনে
শিশু রবি ওঠে তাই শুভ লগনে।
ফাগ মাখি সারা গায়—
ও মলয়া, সাথে আয়।
আলোর পতাকা ধরি বন-ভবনে।
অন্ধকারের আমি বিষম অরি—
আলোর প্লাবন মাঝে বাহি যে তরী।
রাঙা মেঘ ভেসে যায়—
পাখী পাশে গান গায়
হাতছানি দিয়ে ডাকি নব-তপনে।

অন্ধকার—ও বাবা! এতক্ষণ অবাক হয়ে তোমার নাচ দেখছিলাম, গান শুন্‌ছিলাম! তুমি একা এসে আশ মেটেনি, আবার আর একজনকে হাতছানি দিয়ে ডাক্‌ছ! আমার বনে ওসব চল্‌বে না। বেরোও—বেরোও বল্‌ছি শীগ্‌গির—

[হঠাৎ কোকিলের প্রবেশ]

কোকিল—কুহু—কুহু—কুহু! আজ এমন শুভদিনে শুভক্ষণে উষাকে তাড়িয়ে দিচ্ছ কেন? আমিও যে ঘুমের দেশে ঘুম্ ভাঙার গান শোনাতে এলাম।

অন্ধকার—বটে! ঘুম ভাঙার গান শোনাতে এলে! তোমরা কথাগুলি ত' বেশ সাজিয়ে-গুছিয়ে বলো কিন্তু এমন বেয়াড়া কেন বলো দেখি?

কোকিল—একথাটা তুমি বল্লে কেন ভাই? বেতালা আমরা চলি না, আর বেসুরো আমরা গাই না!

অন্ধকার—তাত' চলো না আর গাও না; কিন্তু বিনা নিমন্ত্রণে অন্যের বাড়ীতে এমন হুট্ বল্‌তে ছুট্ করে চলে এস কেন বলত? কি তোমার নাম?

কোকিল—আমার নাম কোকিল। ভাল খবর থাক্‌লে আমি গান গেয়ে বনভূমিকে জানিয়ে যাই—

অন্ধকার—নাই বা তুমি বনভূমিকে জানালে! এখানে সবাই দিব্যি আরামে ঘুমিয়ে আছি সেটা বুঝি তোমার সহ্য হচ্ছে না! পরের ভাল বুঝি তোমরা দেখ্‌তে পার না?

কোকিলের নৃত্য-গীত

কুহু-কুহু গান গেয়ে যাই নীরব নিঝুম বনের শাখে
বিশ্ব আমার আপন জানি,
তাইত' আমায় সবাই ডাকে !
এ বন থেকে বনান্তরে—
সুরের ধারা আপনি ঝরে
জগৎ করে কোলাকুলি—সবাই এসে কুশল মাগে।
বিশ্ব আমার আপন জানি, তাইত' আমায় সবাই ডাকে ॥

সুরের ধারায় স্নান করাবো অশান্ত এই ধরা—
এদেশ হবে চির সবুজ থাকবে নাকো জরা।
জগৎ পারাবারের তীরে
সকল মানুষ জুটবে কিরে—
আস্‌বে এবার নতুন কবি, আয় না বরণ করবি তাকে—
বিশ্ব আমার আপন জানি, তাইত' আমায় সবাই ডাকে ॥

[গানের শেষের দিকে ছয়টি ঋতু নাচ্‌তে নাচ্‌তে মঞ্চে বরণ-ডালা সাজিয়ে এসে ঢুকলো। তাদের দেখে অন্ধকার খুব ভয় পেয়ে গেল।]

অন্ধকার—ওরে বাবা! তোমরা যে দলে কেবলই ভারী হয়ে উঠছ! তোমার গান শুনে এ ছয় জন এসে যে হাজির হল এরা কারা ?

কোকিল—এরা হচ্ছে ছয় ঋতু। গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত,

শীত, বসন্ত। এই ছয় ঋতু আজকে নতুন কবিকে বিভিন্ন ঋতুর ফুলের মালা দিয়ে বরণ করে নেবে।

অন্ধকার—[ভয় পেয়ে] বরণ-বরণ ত' করছ—কিন্তু এদিকে আমার যে মরণ হয়ে উঠ্‌ল! আমি এখন কোথায় যাই—কার পরামর্শ নিই! আমার রাজ্যে এই সব বাইরের লোক কোথা থেকে এসে জুট্‌ল! কে শত্রু, কে মিত্র আমি কিছুই বুঝতে পারছি না!

গ্রীষ্ম—কেন ভাই? আমরা সবাই তোমার মিত্র। গ্রীষ্মের কাল-বৈশাখীর ঝড়ে যা কিছু অকল্যাণকর আমি দূর করে দেবো।

বর্ষা—আমার বর্ষার ঝর-ঝর বরিষণে মেদিনীকে শস্য-শ্যামলা করে তুল্‌বো। তোমার বনভূমি সবুজ হয়ে উঠবে।

শরৎ—শরৎ কালের মাধুরিমায়, শিউলি ফুলের গন্ধে, কাশ ফুলের দোলনে, শরতের হাল্‌কা মেঘের ভেলায় তোমায় কল্পনার রাজ্যে নিয়ে যাবো—

হেমন্ত—হেমন্তের ফসলের প্রাচুর্য্যে তোমার বনভূমিকে আমি সকল দিক দিয়ে পূর্ণ করে রাখ্‌বো। অভাব তোমার এতটুকু থাকবে না।

শীত—শীতের দিনে অনুরাগে তোমায় নিবিড় করে কাছে টেনে নেবো—

বসন্ত—বসন্তের পুষ্প-সম্ভারে আমরা তোমায় আপনার করে নেবো—গানে-গানে সকল ব্যথা দেবো ভুলিয়ে—

অন্ধকার—কথার মার-প্যাঁচে তোমরা দেখ্‌ছি আমায় সপ্তমস্বর্গে নিয়ে তুল্‌ছ। কিন্তু বেশ বুঝতে পারছি—লোক তোমরা মোটেই ভাল নও। নইলে এই শেষ রাত্তিরে এসে আরামের ঘুমটা নষ্ট করে দাও ?

ভোরের পাখী—সত্যি বল্‌ছি ভাই অন্ধকার, তুমি আমার সঙ্গে মিতালী পাতাও—

মলয়া—আমি তোমার ছোট্ট বোন। ঝির-ঝিরে হাওয়া দিয়ে তোমায় আমি শান্ত করে রাখ্‌বো—তাহলে বুঝ্‌তে পারবে আমরা সবাই তোমার মঙ্গল চাই।—

ঊষা—ভোরের ঊষার ফাগ মাখিয়ে তোমায় রঙীন করে রাখ্‌বো। তাতে তোমার মনও রঙীন হয়ে উঠ্‌বে। যাদের তুমি শত্রু মনে করছ···তারা হয়ে উঠবে তোমার আপনার জন।

কোকিল—কুহু তানে আমি তোমার মনের সব দ্বিধা, দ্বন্দ্ব ভুলিয়ে দেবো। তাহলে বুঝ্‌তে পারবে সারা বিশ্ব তোমার কত আপনার—

অন্ধকার—না—না। তোমরা সব মায়াবীর দল। কথায় ভুলিয়ে আমায় বশ করতে চাও। তারপর সুযোগ বুঝে এই অন্ধকার পুরী থেকে আমায় দেবে তাড়িয়ে! বেরোও সব—নইলে আমি একেবারে রক্তগঙ্গা বইয়ে দেবো—হুঁ!

ছয় ঋতু—সবাইকে তুমি তাড়াতে পারো, কিন্তু আমাদের এই ছয় বোনের কথা তোমায় শুনতেই হবে। পাগল ভাইকে কি করে শান্ত করতে হয় তা আমরা জানি।

অন্ধকার—অ্যাঃ! তোমরা আমায় ভাই বলে ডাক্‌লে! আমার এই কালো চেহারা দেখে তোমরা ভয় পেলে না? সত্যি করে বলো, আমায় ঘৃণা কর না তোমরা! আমি তোমাদের ভাই! চাঁদের আলোর মতো ফুট্‌ফুটে আমার ছয়টী বোন আছে! অন্ধকারের কোটরে বসে একথা আমি কোন দিনের তরেই ভাবতে পারি নি!

ছয় ঋতু—কেন ভাব্‌তে পারবে না ভাই! সত্যি আমরা তোমার ছয়টি আদরের বোন। আমাদের অন্ধকার দাদাকে নাচ দেখাতে, গান শোনাতে এসেছি। আমাদের গান শুন্‌লে, নাচ্‌ দেখলে তোমার সব অকল্যাণ দূর হয়ে যাবে—তুমিও এসে আমাদের পাশে দাঁড়াবে।

অন্ধকার—আমার ছটি বোন! কি আনন্দ! তোমরা গাও—আমি চোখ বুঁজে শুনি—

ছয়টি ঋতুর নৃত্য-গীত

ধূলির ধরায় আমরা ছ' বোন ফুটাই কুসুমরাশি·····
দুঃখ-বেদন সব ভুলিয়ে হাসি মধুর হাসি।
বাজ্‌ছে মনে প্রীতির বাঁশী
তাইত' ভায়ে দেখ্‌তে আসি—
মঙ্গলেরই আমরা মিতা, নইকো সর্ব্বনাশী!

শান্তি বারি ছিটাই মোরা এই ধরণীর বুকে—
দুখের দিনে কাঁদবো আসি, হাসবো সাথে সুখে।

রঙীন ফুলে মাল্য গাঁথি—
আমরা আবার উঠবো মাতি
কান্না-হাসির ছয়টি মালায় সবায় ভালোবাসি—
ধূলির ধরায় আমরা ছ' বোন ফুটাই কুসুম রাশি।

[গানে ও নাচে অন্ধকারের চোখে জল এসেছিল]

অন্ধকার—সত্যি তোরা এত ভাল? আর আমি তোদের দূর করে তাড়িয়ে দিতে চেয়েছিলাম?

[নদীর প্রবেশ। সুন্দরী শ্যামলা মেয়ে। চোখে মায়া-অঞ্জন, হাতে ধান্যগুচ্ছ]

নদী—দূর করে তাড়িয়ে দিলে ত' চলবে না ভাই। সকলের সঙ্গে ভাব জমিয়ে আমার যাওয়া আসা। কাছে টেনে নেবো সবাইকে—

অন্ধকার—তুমি আবার কে বোন? মায়া অঞ্জন চোখে পরেছ—নীল রঙের বেশ, হাতে আবার ধান্যগুচ্ছ—

নদী—আমি নদী। দেশ দেশান্তরের বুকের ওপর দিয়ে আমি চলে যাই। কবি বলেছেন, "যে পথ দিয়ে চলিয়া যাবো—সবারে যাবো তুষি।" আমিও যে পথ দিয়ে যাই—দু'পাশ শস্য শ্যামলা করে তুলি—; শুধু কি তাই? এক দেশের ভাবধারা আর এক দেশে বয়ে নিয়ে গিয়ে বপন করে আসি। আজ মলয়া খবর পৌঁছে দিলে যে, কবি আসছে—তাই ত' তার ভাব, তার ভাষা, তার ছন্দ, তার মিল

দেশে দেশে বয়ে নিয়ে যাবার জন্যে এসে উপস্থিত হয়েছি। কৈ আমাদের তরুণ কবি? তার আস্‌বার শুভলগ্ন কি এখনো আসে নি?

কোকিল—লগ্নের আর বেশী বাকি নেই। সেই জন্যেই ত' আমি আগে থেকে এসে আগমনী গান গেয়েছি—

নদী—তোমরা গেয়েছ আগমনী আর আমি বয়ে নিয়ে যাবো কবির বাণী। সারা পৃথিবী উন্মুখ হয়ে রয়েছে কবির বাণী শোন্‌বার জন্যে। গ্রহে-গ্রহে তারায়-তারায় চলেছে কানা-কানি। সমুদ্র স্তব্ধ হয়ে প্রহর গুণ্‌ছে তার পদধ্বনি শোন্‌বার জন্য। কিন্তু কবির বাণী বয়ে নিয়ে যাবো আমি—

নদীর নৃত্য-গীত

কুলু কুলু ধ্বনি মোর শুনেছ কানে?
সে শুধু পরাণ পায় কবির গানে।
ছন্দের জাগে দোল
মধুবাণী·····হিন্দোল
ভাব ও ভাষায় সে যে বন্যা আনে!
(শুনেছ কানে?)
ফুলপরী জেগে-ওঠে সে বাণী শুনে—
সুরধুনি হেরে যায় ছন্দ গুনে!
জ্যোছনায় পায় লাজ,
তারা দল খোলে সাজ
শিশু-রবি কোন্ সুধা ধরায় আনে।

[পাহাড়ের প্রবেশ]

পাহাড়—কবির আগমনের সংবাদ পেয়ে সুধা সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে! তাইত' আর চুপ করে বসে থাক্‌তে পারলাম না। ছুটে এলাম তোমাদের মাঝখানে—সেই সুধার ভাগ নিতে।

অন্ধকার—তুমি কে ভাই? বিরাট তোমার চেহারা। মাথা সবাইকে ছাড়িয়ে উঁচু হয়ে উঠেছে···বলিষ্ঠ তোমার দেহ, দীর্ঘ তোমার বাহু। তোমায় ত' এ অঞ্চলে কখন দেখিনি?

পাহাড়—আমি পাহাড়। কবির বাণী লাভ করে আমি ধ্যান মগ্ন হয়ে থাক্‌বো। যুগ-যুগ তপস্যা করবো সেই মন্ত্র উচ্চারণ করে। কবি কি এখনো এসে পৌঁছয় নি? শুকতারা আমায় বলে দিলে যে কবির আসবার সময় হয়ে গেছে—

নদী—শুকতারা? শুকতারা তোমায় খবর পৌঁছে দিয়েছে? তবে আর দেরী নেই। কোথায় বরণ ডালা? কোথায় মঙ্গল-শঙ্খ?

[সাগরের প্রবেশ]

সাগর—মঙ্গল-শঙ্খ আমি নিয়ে এসেছি নদী, কবিকে অভ্যর্থনা করে নেবো বলে!

অন্ধকার—তুমি কে ভাই? উর্ম্মিমালা যেন তোমার শিরে স্তব্ধ হয়ে আছে! তোমার দেহে অসংখ্য মণিমাণিক্য! দুষ্প্রাপ্য শঙ্খ তোমার হাতে! প্রবাল নিয়ে তোমার কটিদেশকে অলঙ্কৃত করেছ···কে তুমি?

সাগর—আমি সাগর। পৃথিবীর লোক আমার নাম দিয়েছে 'রত্নাকর'। কত মণিমাণিক্য, মুক্তো, প্রবাল আমার অতল তলে ধূলির মতো পড়ে আছে। তবু আমার মন ক্ষণে-ক্ষণে গুম্‌রে উঠে বলে, ওরে সাগর, এত ধন-রত্ন থাকতেও তুই নিঃস্ব, তুই সর্ব্বহারা! কবির বাণী বুকে ধারণ করে আয়, তবেই তোর রত্নাকর নাম সার্থক হবে। তাইত আমি আমার পাতালপুরী ছেড়ে ছুটে এলাম তোমাদের কাছে। কোথায় গেলে কবির দেখা পাবো আমায় বলে দাও…

[সহসা মধুর বাদ্যধ্বনি শোনা গেল। চারিদিক স্নিগ্ধ আলোয় ভরে গেল। এক সুদর্শন পুরুষের কোলে শিশু রবির প্রবেশ]

২৫শে বৈশাখ—কবিকে নিয়ে এলাম আমি—তোমরা সবাই দেখ, নয়ন-মন চরিতার্থ করো—

অন্ধকার—কে? কে তুমি? আমি এত আলো সইতে পারছিনে। আমার চোখ ঝল্‌সে যাচ্ছে…আমি পালাই…পালাই…রবির উদয় হলে অন্ধকার আপনিই মিলিয়ে যায়।

[অন্ধকারের দ্রুত প্রস্থান]

সাগর—কে তুমি? তরুণ রবিকে বক্ষে ধারণ করবার গৌরব লাভ করেছ?

২৫শে বৈশাখ—আমি পঁচিশে বৈশাখ! এই ত' আমার গর্ব্ব যে বিশ্বকে দান করছি সেরা রত্ন। এই কবির বাণী

11393

শুনে মানুষ মানুষকে ভালোবাস্‌তে শিখ্‌বে। মহামানবের সাগর তীরে সবাইকে আহ্বান করে মানুষ বল্‌তে পারবে—ওরে তোরা সবাই আমার আপন, কেউ পর নোস্‌—সুখে-দুঃখে আনন্দে-বেদনায় সবাই সবাইকার ব্যথার ব্যথী। একের চোখের জল অপরে মুছিয়ে দেবে···জেগে উঠ্‌বে এক নতুন শান্তি-নিকেতন।

সমবেত গীত

এলো পঁচিশে বৈশাখ !

ডাক দিলরে প্রাণে প্রাণে সবাই বাজা শাঁখ।
ভোরের পাখী থাকি থাকি বল্লে খোকা ওঠো—
পূব আকাশের রঙীন আবির সবাই এসে লোটো
ওই মলয়ার ফুর-ফুরে বায় ফুল ফোটে লাখ্‌ লাখ
সবাই বাজা শাঁখ
এলো পঁচিশে বৈশাখ !

কোকিল ডাকে কুহু তানে ছয়টি ঋতু আয়—
সবাই মিলে করবি বরণ সময় বয়ে যায়।
শুনবি নদীর কলধ্বনি
তীরে বসে প্রহর গনি—
নতুন কবি গড়বে এবার আনন্দ মৌচাক !
পাহাড় সাগর দোল্‌না দোলায় তাদের তোরা ডাক্‌
সবাই বাজা শাঁখ
এলো পঁচিশে বৈশাখ !

যবনিকা

আমি ভাই ভোরের পাখী

SENIOR BASIC TRAINING COLLEGE BANIPUR

126/18

7303

-া	-া	সা	সা	ঋা	ঋা	পা	মা	গা	-গা	ঋা	ঋা
০	০	আ	মি	ভা	ই	ভো	০	রে	র	পা	০
সা	-া	-া	-া	-া	-া	সমা	-মা	মা	মা	মা	-মা
খী	০	০	০	০	০	আ	স্	বে	যে	এ	ক্
মা	পা	-পা	মা	গা	গা	মা	-মা	পা	পা	পা	-পা
নো	তু	ন্	ক	বি	০	তা	র	ত	রে	ভা	ই
পা	দা	ণা	দা	পা	পা	র্সা	র্সা	সা	ণা	-া	দা
রা	০	ত্রি	জা	গি	০	রা	০	ত	জা	০	গি
পা	-া	-া	-া	-া	-দা	ণা	-া	-ণা	দা	দা	পা
ভা	০	০	০	০	ই	গা	০	ন	গে	০	য়ে

মা	-া	-া	-া	-া	গা	পা	-া	-া	গা	-ঋা	ঋা
যা	০	০	০	০	ই	ভো	০	০	রে	র্	পা
সা	-া	া	-া	-া	-া						
খী	০	০	০	০	০						
জ্ঞা	জ্ঞা	-া	র্রা	জ্ঞা	জ্ঞা	র্রা	র্মজ্ঞা	জ্ঞা	র্রা	র্সা	র্সা
শি	রে	০	যে	তা	র	বি	জ০	য়	মু	কু	ট
র্মা	র্মা	-জ্ঞা	র্রা	র্সা	জ্ঞর্রর্সা	ণা	র্সা	র্সা	-া	-া	-া
জ	য়ে	র	মা	লা	০ ০ ০	গ	লে	০	০	০	০
পা	ণা	ণা	র্সা	র্সা	র্রা	ণা	র্সা	ণা	দা	পা	মা
হা	তে	০	তা	হা	র	বা	ণী	র	বী	ণা	০
জ্ঞা	জ্ঞা	মা	পা	পা	দা	পা	মা	-া	-া	-া	সা
বা	জ	ছে	প	লে	০	প	লে	০	০	০	০
সা	সা	-ঋা	জ্ঞা	ঋা	-া	সা	-া	-া	-া	-া	মা
য়া	০	ত	জা	গি	০	ভা	০	০	০	০	ই

সা	সা	ঋা	জ্ঞা	ঋা	ঋা	সা	-া	-া	-া	-া	সা
গা	০	ন	গে	য়ে	০	যা	০	০	০	০	ই
সা	মা	মা	মা	গা	-া	মা	-া	পা	পা	-া	-া
ত	ধু	ই	তা	রি	০	লা	০	০	গি	০	০
র্সা	র্সা	র্সা	ণা	-া	দা	পা	-া	-া	-া	-া	দা
য়া	০	ত	জা	০	গি	ভা	০	০	০	০	ই
ণা-	া	ণা	দা	দা	পা	মা	মা	মা	-া	-া	গা
গা	০	ন	গে	০	য়ে	যা	০	০	০	০	ই
পা	পা	পা	গা	গা	ঋা	সা	-া	-া	-া	-া	-া
ভো	০	০	রে	র	পা	খী	০	০	০	০	০
পা	পা	পা	মা	জ্ঞা	মা	পা	দা	ণা	দা	পা	পা
আ	স্	বে	ক	বি	০	তা	ই	মে	দি	নি	০

সা	সা	সা	সা	সা	ণ্‌া	সা	মা	-া	-া	-া	-া
নী	র	০	বে	স	য়	ব্য	থা	০	০	০	০
মা	পণদা	দা	পা	মজ্ঞা	জ্ঞা	রা	জ্ঞা	জ্ঞা	মা	পা	ণদা
হৃ	দ ০	০	য়ে	তা০	র	অ	সী	ম	আ	শা	০০
মা	দা	দা	ণা	র্সা	দা	ণা	র্সা	-া	-া	-া	া
চো	০	ক্ষে	ব্যা	কু	০	ল	তা	০	০	০	০
সা	সা	-া	ণ্‌া	দ্‌া	ণ্‌া	ণ্‌া	সা	-া	া	া	া
নী	র	০	বে	স	য়	ব্য	থা	০	০	০	০
র্জ্ঞা	র্জ্ঞা	র্জ্ঞা	র্রা	র্জ্ঞা	-া	র্রা	র্মর্জ্ঞা	র্জ্ঞা	র্রা	র্সা	র্রা
সে	ই	শো	না	বে	০	নো	তু০	ন	গী	তি	০
র্মা	র্মর্জ্ঞা	র্জ্ঞা	র্রা	র্সা	-া	ণা	র্সা	র্জ্ঞা	র্রা	র্সা	া
সে	ই	জা	গা	বে	০	নো	তু	ন্‌	প্রী	তি	০

পা	ণা	ণা	র্সা	র্রা	র্সা	ণা	র্সা	ণা	দা	পা	পা
তা	রি	০	ত	রে	০	গা	ন	গে	য়ে	ভা	ই
পা	দা	পা	মা	পা	মা	জ্ঞা	মা	মা	-া	-া	-া
ঈ	শে	র	আ	শি	ষ	মা	গি	০	০	০	০
সা	সা	ঋা	জ্ঞা	ঋা	ঋা	সা	-া	-া	-া	-া	মা
রা	০	ত	জা	গি	০	ভা	০	০	০	০	ই
সা	সা	ঋা	জ্ঞ	ঋা	ঋা	সা	সা	সা	-া	-া	সা
গা	০	ন	গে	য়ে	০	যা	০	০	০	০	ই
সা	মা	মা	মা	গা	গা	মা	মা	পা	পা	-া	০
শু	মু	ই	তা	রি	০	লা	০	০	গি	০	০
সা	র্সা	র্সা	ণা	-া	দা	পা	-া	মা	-া	-া	দা
রা	০	ত	জা	০	গি	ভা	০	০	০	০	ই
ণা	-া	ণা	দা	-া	[illegible]	মা	মা	মা	মা	মা	গা
গা	০	ন	গে	[illegible]	য়ে	যা	০	০	০	০	ই

78303

পা	পা	পা	গা	গা	ঋা	সা	-া	-া	-া	-া	-া
ভো	০	০	বে	র	পা	খী	০	০	০	০	০

"আমি রাঙা উষা জাগি"

সা	সা	গা	গা	মা	মা	পা	পদা	দা	ণা	দা	পা	মা	-া	পা	দা
আ	মি	রা	ঙা	উ	ষা	জা	গি	পূ	ব	গ	গ	নে	০	জা	গি
দা	ণা	দা	পা	মা	-া	-া	মা	ধা	ধা	ধা	ধা	ধা	ণধা	পা	মা
পূ	ব	গ	গ	নে	০	০	০	শি	শু	র	বি	ও	ধে০	তা	ই
পা	ধা	ণা	ধা	ণা	ধা	ণা	র্সা	দা	ণা	দা	পা	মা	-া	-া	-া
শু	ভ	ল	গ	নে	০	০	০	পূ	ব	গ	গ	নে	০	০	০
র্সা	র্সা	র্সা	র্সা	র্সা	ঋা	র্সা	র্সা	র্সা	র্রা	র্জ্ঞা	র্মা	-া	-া	-া	-া
ফা	গ্	মা	খি	সা	রা	গা	য়্	ও	ম	ল	য়া	০	০	০	০

র্জ্ঞা	র্মা	র্জ্ঞা	র্মা	র্রর্জ্ঞা	র্জ্ঞা	র্ঋর্সা	র্সা	ণা	র্ঋা	র্সা	র্সা	-া	-া	-া	-া
সা	থে	আ	•	•	•	•	য়	সা	থে	আ	য়	•	•	•	•
র্সা	ণদা	দা	দা	মা	মা	মা	মা	মা	পা	মা	গা	মা	পা	দা	ণা
আ	লো	র	প	তা	কা	ধ	রি	ব	ন	ভ	ব	নে	•	•	•
দা	ণা	দা	পা	মা	-া	-া	-া								
পূ	ব	গ	গ	নে	•	•	•								
মা	গা	ঋা	ঋা	সা	রসা	ণ্া	ণ্া	সা	ঋা	গা	গা	মা	া	-া	-া
অ	ন্	ধ	কা	রে	০র্	আ	মি	বি	ষ	ম	অ	রি	•	•	•
দা	দা	দা	পদা	দা	দা	দা	দা	র্সা	ণা	দা	দা	মা	-া	-া	-া
আ	লো	র	প্রা	ব	ন	মা	ঝে	বা	হি	সে	ত	রী	•	•	•
র্সা	র্সা	র্সা	র্সা	র্সা	র্ঋা	র্সা	র্সা	র্সা	র্রা	র্জ্ঞা	র্মা	-া	-া	-া	-া
রা	ঙ্গা	মে	ঘ	ভে	সে	বা	য়	পা	খী	পা	শে	•	•	•	•
র্জ্ঞা	র্মা	র্জ্ঞা	র্মা	র্রর্জ্ঞা	র্জ্ঞা	র্ঋর্সা	র্সা	ণা	র্ঋা	র্সা	র্সা	-া	-া	-া	র্সা
গা	ন	গা	•	••	•	•	য়	গা	ন	গা	•	•	•	•	য়

র্সা	র্ঋা	ণা	র্সা	দা	ণা	দা	পা	মা	পা	মা	গা	মা	পা	দা	ণা
হা	ত	ছা	নি	দি	য়ে	ডা	কি	ন	ব	ত	প	নে	•	০	০
দা	ণা	দা	পা	মা	-া	-া	া								
পূ	ব	গ	গ	নে	০	০	০								

কুহু কুহু কুহু গান গেয়ে যাই

সা	-া	মজ্ঞা	জ্ঞা	মা	-া	পা	-া	পনা	-া	না	র্সা				
কু	•	হু০	০	কু	০	হু	০	কু	০	হু	০				
ধা	ধা	-র্সা	র্সা	না	-া	ধপা	পা	-া	-া	-া	পা				
গা	০	ন	গ	য়ে	০	যা০	০	০	০	০	ই				
মা	মা	মা	পা	পা	-া	পা	-া	পা	দা	পা	পা				
ণী	০	র	০	ব	০	নি	০	ঝু	০	ম	০				

মা	মা	জ্ঞা	জ্ঞা	রা	রা	সা	-া	জ্ঞা	রা	সা	-া	
ব	০	নে	র	শা	০	ঘে	০	শা	০	খে	০	
পা	ণা	ণা	ণা	ণা	ধা	ণা	া	-া	-া	ণা	পা	
বি	০	শ্ব	০	আ	০	মা	০	০	০	০	র্	
পা	-া	পা	র্সা	র্সা	না	র্রর্সা	র্সা	া	-া	র্সা	-পা	
আ	০	প	ণ	জা	০	নি০	০	০	০	০	০	
পা	পা	র্রা	র্রা	র্রা	-র্সা	র্রা	-া	-া	সর্ণা	ণা	-ণা	
তা	ই	তো	০	আ	০	মা	০	০	০০	০	য়	
ণা	র্সা	ণা	ণা	ধা	-া	পা	-া	পা	দা	পা	-া	
স	০	বা	ই	ডা	০	কে	০	ডা	০	কে	০	
মা	মা	জ্ঞা	জ্ঞা	রা	-া	সা	০	জ্ঞা	রা	সা	সা	
ব	০	নে	র	শা	০	খে	০	শা	০	খে	০	

|| র্রা রা র্সা | ণা পা -া | মা পা -া | জ্ঞা মা -া |
এ ০ ব | ন থে ০ | কে ০ ০ | ০ ০ ০ |

পা পা ণা | ণা পা -া | ণর্সা র্রর্জ্ঞা র্জ্ঞা | র্জ্ঞা -া -া |
ব ০ না | ন ৩ ০ | রে০ ০০ ০ | ০ ০ ০ |

র্রা র্মা র্জ্ঞা | র্রা র্সা -া | র্রা -া া | -া -া র্জ্ঞা |
সু ০ রে | র্ ধা ০ | রা ০ ০ | ০ ০ ০ |

র্রা র্মা র্মা | র্মা র্জ্ঞা র্জ্ঞা | র্রা -া র্সা | র্সা র্সা -র্রা |
আ প নি | ০ ঝ ০ | রে ০ ব | ০ না ন্ |

না না না | র্সা -া -া | র্রা -া র্সা | ণা পা পা |
ত ০ ০ | রে ০ ০ | জ ০ গ | ৎ ক ০ |

মা মা মা | মা জ্ঞা জ্ঞা | মা দা দা | পা -া -া |
রে ০ কো | ০ লা ০ | কু ০ ০ | লি ০ ০ |

সা	সা	সা	মা	মা	মা	মা	মা	পা	মা	জ্ঞা	জ্ঞা
স	০	বা	ই	এ	০	সে	০	০	০	০	০
জ্ঞা	জ্ঞা	মা	পা	জ্ঞা	মা	পা	-া	-া	-া	-া	-া
কু	০	শ	ল	মা	০	গে	০	০	০	০	০
সা	সা	সা	জ্ঞা	জ্ঞা	জ্ঞা	সা	মা	জ্ঞা	পা	মা	মা
সু	০	রে	র	ধা	০	রা	০	০	০	০	য়
জ্ঞা	মা	মা	জ্ঞা	রা	সা	সা	-া	-া	-া	-া	-া
স্না	০	ণ	ক	রা	O	বো	০	০	০	০	০
সা	ণা	ণা	ণা	ধা	-া	পা	পা	হ্মা	পা	পা	ধা
শু	য্	ক	০	ক	০	ঠি	০	ণ্	ধ	০	০
ণা	-া	-া	-া	-া	-া	পা	র্সা	র্সা	র্সা	ণা	ণা
রা	০	০	০	০	০	এ	০	দে	শ	হ	০

বি আমার আপন জানি তাইতো আমায় সবাই ডাকে মুখে গাহিয়া ফিরিতে হইবে।

পা	পা	মা	মা	জ্ঞা	জ্ঞা	মা	দা	দা	পা	-া	পা
বে	•	চি	•	র	•	স	•	•	বু	•	জ
রা	মা	মা	মা	জ্ঞা	রা	সা	ণ্‌া	ণ্‌া	সা	জ্ঞা	-া
থা	কৃ	বে	•	ণা	•	কো	•	•	জ্ঞ	•	•
রা	সা	-া	-া	-া	-া						
রা	•	•	•	•	•						
র্রা	র্রা	র্স	ণা	পা	পা	মা	মা	জ্ঞা	জ্ঞা	মা	মা
জ	•	গ	ৎ	পা	•	রা	•	বা	•	রে	র
পা	জ্ঞা	জ্ঞা	র্রা	-া	-া	-া	-া	-া	-া	-া	-া
তা	•	•	রে	•	•	•	•	•	•	•	•
র্রা	জ্ঞা	জ্ঞা	জ্ঞা	জ্ঞা	জ্ঞা	র্মজ্ঞা	জ্ঞা	জ্ঞ	র্রা	র্সা	র্সা
স	•	ক	ল	মা	•	ন্	•	•	•	•	•
র্রা	র্মা	র্মা	র্মা	জ্ঞা	জ্ঞা	র্রা	-া	র্সা	র্সা	র্সা	র্রা
জু	•	ট্	বে	কি	•	রে	•	ধা	•	রে	•

না	না	না	র্সা	র্সা	-া	া	-া	া	-া	-া	-া
ধী	০	০	০	রে	০	০	০	০	০	০	০
র্রা	র্রা	সা	-া	ণা	-া	পা	পা	মা	জ্ঞা	মা	-মা
আ	স্	বে	০	যে	০	এ	ক	নো	০	তু	ন
দা	দা	দা	পা	-া	-া	র্রা	র্রা	র্সা	র্সা	ণা	ণা
ক	০	০	বি	০	০	ছ	য়	টি	০	ঋ	০
পা	পা	মা	জ্ঞা	মা	মা	দা	দা	দা	দা	দা	-দা
তু	০	তো	O	রা	০	আ	O	য়্	না	০	০
-া	-া	-া	-া	-া	-া	সা	-সা	মা	মা	মা	-া
০	০	০	০	০	০	আ	য	না	০	ব	০
মা	মা	পা	মা	জ্ঞা	-জ্ঞা	জ্ঞা	-মা	মা	পা	জ্ঞা	মা
র	০	০	০	০	ণ্	ক	র্	বি	০	তা	০
পা	পা	-া	-া	-া	-া						
কে	০	০	০	০	০						

বিশ্ব আমার আপন জানি তাইতো আমায় সবাই ডাকে—গাহিয়া মুখে ফিরিতে হইবে।

ধূলির ধরায় আমরা ছ'বোন

সা	জ্ঞা	জ্ঞা	মা	পা	পা	ণা	ণা	ণা	দা	পা	পা
ধু	লি	র	ধ	রা	য়	আ	ম	রা	ছ	বো	ন
সা	জ্ঞা	— জ্ঞা	মা	পা	দা	মা	পা	—া	—া	—া	—া
ফু	টা	ই	কু	সু	ম	রা	শি	০	০	০	০
পা	ণা	ণা	ধা	ণা	ণা	ণা	র্সা	ণা	ধা	পা	পা
দু	:	খ	বে	দ	ন	স	ব	ভু	লি	য়ে	০
র্সা	ণা	—া	ধা	পা	পা	মা	জ্ঞা	া	রা	রসা	—সা
হা	সি	০	ম	ধু	র	হা	সি	০	রে	ভা	ই
সা	জ্ঞা	—া	মা	পা	দা	মা	পা	—া	—া	—া	—া
ফু	টা	ই	কু	সু	ম	রা	শি	০	০	০	০
পা	পা	পা	মা	জ্ঞা	মা	পা	পণা	—পা	র্সণা	র্রর্সা	জ্ঞা
বা	জ	ছে	ম	নে	০	প্রী	তি০	র	বাঁ০	০ ০	০

র্রা	—া	—া	—া	—া	—া	র্রা	র্জ্ঞা	র্জ্ঞা	র্রা	র্জ্ঞা	র্জ্ঞা
শি	০	০	০	০	০	তা	ই	তো	ভা	য়ে	০
র্জ্ঞা	—র্মা	র্জ্ঞা	র্রা	র্সা	র্সা	র্সা	র্রর্সা	ণা	ধা	ণা	ণা
দে	খ্	তে	আ	সি	০	ম	ঙ০	গ	লে	রি	০
ণা	-র্সা	ণা	ধা	পা	-া	পা	পা	দা	পা	-পা	দা
আ	ম	রা	মি	তা	০	ন	ই	ক	স	র্	ব
পা	দা	পা	মা	গা	-া	সা	-গা	গা	গা	-গা	মা
না	শী	০	গো	০	০	ন	ই	কো	স	র্	ব
গমা	পদা	মা	পা	-া	র্সা	র্সা	ণা	দা	পা	মা	জ্ঞা
না০	০০	০	শী	০	০	ফু	টা	ই	কু	সু	ম
রা	সা	সা	-া	-া	-া						
রা	শি	০	০	০	০						

সা	-জ্ঞা	সা	ণ্‌া	দ্‌া	ণ্‌া	সা	মা	-মা	মা	মা	-া
শা	ন্‌	তি	বা	রি	০	ছি	টা	ই	মো	রা	০
রা	-জ্ঞা	মা	পা	দা	-ণা	দা	পা	-া	-া	-া	-া
এ	ই	ধ	র	ণী	র্‌	বু	কে	০	০	০	০
পা	পা	-দা	দা	দা	া	দা	র্সা	ণা	দা	পা	-া
দু	খে	র	দি	নে	০	কাঁ	দ্‌	বো	আ	সি	০
ণা	দা	দা	মা	জ্ঞপা	মা	জ্ঞা	সা	া	া	-া	-া
হা	স্‌	বো	সা	থে০	০	সু	থে	০	০	০	০
পা	পা	পা	মা	জ্ঞা	মা	পা	ণা	পা	র্সণা	র্রর্সা	র্জ্ঞা
র	ঙি	ন্‌	ফু	লে	•র	মা	০	ল্য	গাঁ০	০০	০
র্রা	-া	-া	-া	-া	-া	র্রা	র্রা	র্জ্ঞা	র্রা	র্জ্ঞা	র্জ্ঞা
থি	০	০	০	০	০	আ	ম	রা	আ	বা	র

র্জ্ঞা	-র্মা	র্জ্ঞা	র্রা	র্সা	র্সা	র্সা	র্রর্সা	ণা	ধা	ণা	ণা
উ	ঠ্	বো	মা	তি	০	কা	ন্	না	হা	সি	র
র্সা	র্সা	ণা	ধা	পা	পা	পা	পা	দা	পা	র্মা	গা
ছ	য়	টি	মা	লা	য়	স	বা	য়	ভা	লো	০
সা	গা	গা	গা	মা	পা	মা	পা	-মা	জ্ঞা	মা	জ্ঞা
বা	০	সি	রে	০	০	ফু	টা	ই	কু	সু	ম
রা	সা	-া	-া	-া	-া						
রা	শি	০	০	০	০						

"কুলু কুলু ধ্বনি মোর"

মা	গা	মা	পা	মা	গা	মা	পা	মা	গা	মা	পা	মা	া	া	র্সা
কু	লু	কু	লু	ধ্ব	নি	মো	র	শু	০	নে	ছ	কি	০	০	০

র্সা	ণা	দা	পা	মা	া	া	া	সা	মা	মা	মা	মা	পা	মা	গা
শু	নে	ছ	কা	নে	০	০	০	সে	শু	ধু	প	রা	ন	পা	য়
মা	মদা	দা	পা	ণদা	দা	া	র্সা	র্সা	ণা	দা	পা	মা-	া-	া-	মা
ক	বি০	র	গা	নে০	০	০	০	শু	নে	ছ	কা	নে	•	•	•
মা	গা	মা	পা	মা	া	া	া								
শু	০	নে	ছ	কি	০	০	০								
র্সা	ঋা	র্সা	ঋা	র্সা	ঋা	র্সা	ঋা	র্সা	ঋা	র্সা	ঋ	র্সা	ঋা	র্সা	ঋা
ছ	ণ্	দে	র	জা	গে	দো	ল	ম	ধু	বা	ণী	হি	ণ্	দো	ল্
র্সা	ণা	ণা	ণা	ধা	ধা	ধা	মা	মা	ধা	ধা	ধা	ধা	ণা	র্সা	র্সা
ভা	ব	ও	ভা	ধা	য়	সে	যে	ব	•	ন্যা	আ	নে	•	•	•
র্সা	ণা	দা	পা	মা	া	া	া	মা	গা	মা	পা	মা	া	া	া
শু	নে	ছ	কা	নে	•	•	•	শু	•	নে	ছ	কি	০	০	০

মা	গা	মা	পা	মা	গা	ঋা	সা	সা	ঋা	মা	গা	পমা	মা	া	া
কূ	ল	না	রী	জে	গে	ও	ঠে	সে	বা	নী	শু	নে	০	০	০
মা	গা	মা	পা	মা	গা	ঋা	সা	সা	ঋা	মা	গা	পমা	া	া	া
সু	র	ধু	নী	হে	রে	যা	য়	ছ	ন	দ	গু	নে০	০	০	০
র্সা	র্রা	র্রা	র্জ্ঞা	র্রা	র্সা	র্সা	র্সা	র্সা	র্রা	র্রা	র্জ্ঞা	র্রা	র্সা	র্সা	র্সা
জ্যো	ছ	না	র	পা	য়	লা	জ	তা	রা	দ	ল	খো	লে	সা	জ
র্সা	র্রা	র্জ্ঞা	র্মা	র্জ্ঞা	র্মা	র্রা	র্সা	ণা	র্সা	ণা	দা	পা	া	া	দা
শি	শু	র	বি	কো০	ন	সু	ধা	ধ	রা	য়	আ	নে	০	০	০
র্সা	ণা	দা	পা	মা	া	া	া	মা	গা	মা	পা	মা	া	া	া
শু	নে	ছ	কা	নে	০	০	০	শু	০	নে	ছ	কি	০	০	০

এলো এলো পঁচিশে বৈশাখ

গা	মা	দা	-া	-া	-া	দা	মা	গা	মা	ণা	-া	-া	-া	দা	পা	মা	-া
এ	০	লো	০	০	০	০	‿	০	এ	০	লো	০	০	০	ও	ও	ও	০
গা	মা	পা	দা	পা	মা	গা	ঋা	গা	ঋা	সা	সা	-া	-া	-া	সা
এ	লো	এ	লো	পঁ	০	চি	শে	বৈ	০	শা	০	০	০	০	খ
সা	মা	মা	মা	মা	পা	মা	গা	মা	র্সা	র্সা	ণা	দা	পা	মা	মা
ডা	ক	দি	ল	প্রা	ণে	প্রা	ণে	স	বা	ই	বা	জা	০	শাঁ	খ
গা	মা	পা	দা	পা	মা	গা	ঋা	গা	ঋা	সা	-া	-া	-া	-া	সা
এ	লো	এ	লো	পঁ	০	চি	শে	বৈ	০	শা	০	০	০	০	খ
র্সা	র্সা	র্সা	না	র্সা	-া	-া	-া	র্সা	র্ঋা	র্জ্ঞা	র্ঋা	র্সা	র্সা	র্সা	-া
ভো	রে	র	পা	খী	০	০	০	থা	০	কি	থা	কি	০	০	০

র্সা	র্জ্ঞা	র্জ্ঞা	র্সা	ণা	দা	ণা	র্সা	ণর্সর্ঋা	র্ঋা	-া	-া	-া	-া	-া	-া
ব	ল্	লে	খো	কা	০	ও	০	ঠ০০	০	০	ঃ	০	০	০	০
র্সা	র্ঋা	র্জ্ঞা	র্ঋা	র্সা	-া	-া	র্সা	র্সা	র্জ্ঞা	র্জ্ঞা	র্সা	ণা	দা	-া	দা
পূ	ব	আ	কা	-শে	০	০	র	র	ঙি	ণ	আ	বি	০	০	র
পা	ণা	দা	পা	মা	জ্ঞা	মপদা	দা	পা	মা	-া	-া	-া	-া	-া	০
স	বা	ই	এ	সে	০	লো০০	০	ট	০	০	০	০	০	০	০
সা	জ্ঞা	মা	পা	মা	-া	-া	-পা	সা	জ্ঞা	মা	পা	মা	-া	-া	-া
খো	০	কা	ও	০	০	০	০	খু	০	কু	ও	ঠ	০	০	০
সা	জ্ঞা	মা	পা	দা	-া	-া	দা	দণা	দণা	দা	পা	মা	-া	-া	-া
ও	ই	ম	ল	য়া	০	০	র	ফু০	০র	ফু	রে	বা	০	০	য়
র্সা	র্সা	ণা	ণা	দা	দা	পা	পা	পণা	ণা	ণা	দা	পা	-া	মা	-মা
ফু	ল	ফো	টে	লা	খ	লা	খ	স০	বা	ই	বা	জা	০	শাঁ	খ

গা	মা	পা	দা	পা	মা	গা	ঋা	গা	ঋা	সা	-া	-া	-া	-া	সা
এ	লো	এ	লো	পঁ	০	চি	শে	বৈ	০	শা	০	০	০	০	খ

তালফের

সা	সা	মা	মা	মা	মা	মা	মা	মা	মা	মা	মা
কো	কি	ল	ডা	কে	০	কু	হু	০	তা	নে	০
মা	মা	মা	মা	মা	গমা	পা	পা	পা	পা	পা	পা
ছ	য়	টি	ঋ	তু	০০	আ	০	০	০	০	য়
পা	পা	পা	পা	পা	-া	পা	পা	পা	পা	পা	পা
স	বা	ই	মি	লে	০	ক	র	বি	ব	র	ণ
ণা	ণা	ণা	দা	পা	পা	মা	মা	মা	মা	মা	পা
স	ম	য়	ব	য়ে	০	যা	০	০	০	০	য়
ণা	ণা	ণা	দা	পা	পা	মা	মা	মা	মা	মা	মা
স	ম	য়	ব	য়ে	০	যা	০	০	০	০	০

র্সা	র্সা	র্সা	ণা	ণা	ণা	দা	দা	দা	মা	মা	মা
শু	ন্	বি	ন	দী	র	ক	ল	০	ধ্ব	নি	০
র্সা	র্সা	র্সা	ণা	ণা	ণা	দা	দা	দা	মা	মা	মা
তী	রে	০	বো	সে	০	প্র	হ	র	গ	ণি	০
মা	দা	দা	দা	দা	দা	মা	ণা	ণা	ণা	ণা	ণা
নো	তু	ন	ক	বি	০	গ	র	বে	এ	বা	র
পা	পা	দা	ণা	র্ঋা	-া	র্সা	-া	-া	-া	-া	-র্সা
আ	ন	ন	দ	মৌ	০	চা	০	০	০	০	ক
র্সা	র্সা	র্জ্ঞা	র্রা	র্জ্ঞা	র্জ্ঞা	র্রা	র্জ্ঞা	র্জ্ঞা	র্রা	র্রা	র্জ্ঞা
পা	হা	ড়	সা	গ	র	দো	ল্	ণা	দো	লা	য়

র্মা	র্মা	র্মা	র্জ্ঞা	র্জ্ঞা	র্জ্ঞা	র্সা	র্সা	-া	-া	-া	র্সা	
তা	দে	র	তো	রা	০	ডা	০	০	০	০	ক	
ণা	ণা	ণা	দা	দা	দা	মা	-া	-া	-া	-া	-মা	
স	বা	ই	বা	জা	০	শাঁ	০	০	০	০	খ	